তারিখ ...13 JAN 1995 ...
পৃষ্ঠা ৪ কলাম ৭

দৈনিক সংবাদ

# বিদ্যালয়ে ভর্তি সংকট

নতুন বছর মানেই যেন পুরনো সমস্যাগুলো নতুন করে উঠে আসা, পুরনো রূপেও নয়, নতুন ও তীব্রতর রূপে। আমরা স্কুলে ভর্তি সমস্যার কথা বলছি। জানুয়ারি আসতে না আসতেই রাজধানীর 'ভালো ভালো' স্কুলে ভর্তি করানো নিয়ে শুরু হয়েছে অভিভাবকদের চিন্তাভাবনা, উদ্বেগ ও তৎপরতা। ভর্তি পরীক্ষা কেবল ছাত্রছাত্রীদেরই নয়, আসল পরীক্ষা যেন অভিভাবকদেরই। প্রত্যেকেই চান তার ছেলে কিংবা মেয়েটিকে জায়গা মতো দাখিল করতে, যাতে তার ভবিষ্যৎ রক্ষা হয়— দিন দিন আরও কঠিন হয়ে ওঠা এদেশে। কিন্তু এই মহানগরীতে সরকারি, বেসরকারি ও কিন্ডার গার্টেনসহ যে প্রায় নয় শ'টি স্কুল রয়েছে বলে জানি, তার মাত্র কয়েকটিই হল 'ভালো'। অধিকাংশেরই নজর সে স্কুলগুলোর দিকে। এর কারণও মূলত একটি— স্কুলগুলোতে পড়াশোনার মানের বিপুল পার্থক্য। অভিভাবকরা অবশ্য আরেকটি জনপ্রিয় উপায়ে ভালো মন্দ নির্ণয় করেন। সে হল এস এস সি'তে কোন্ স্কুলের কি পারফরমেন্স। সরকারি স্কুলগুলোর অবস্থা খারাপ, দিন দিন আরও খারাপের দিকে যাচ্ছে, অথচ এককালে এ স্কুলগুলোর আকর্ষণ কম ছিল না। সে আকর্ষণ এখন গেছে নামকরা কয়েকটি বেসরকারি স্কুলের দিকে। সুখ্যাতি আছে এমন স্কুলে না পড়লে ছেলেমেয়েদের 'মন ছোট হয়ে যাবে' এই মনস্তত্ত্বও তৈরি হয়েছে বৈকি। ফলে প্রতিবারের মতো এবারও নির্দিষ্ট আসনের জন্য চাকরির মতোই দরখাস্ত পড়ছে স্কুলভেদে ৫ থেকে ৮ গুণ। কোন কোন স্কুলে আবেদনপত্র বিক্রিও একটি লাভজনক ব্যবসা হয়ে উঠেছে। প্রাইমারি পর্যায়ে ভর্তি হতে ইচ্ছুক শিশুদের মধ্যেও সৃষ্টি হয়েছে প্রতিযোগিতার মনোভাব। এটা তাদেরকে ভবিষ্যতের জন্য পোক্ত করে তুলছে, নাকি 'শিশুসুলভ বৈশিষ্ট্য' নষ্ট করছে তা বলাও সহজ নয়। সব মিলিয়ে বিদ্যালয়ে ভর্তি সমস্যা সৃষ্টি করেছে এক নতুন শিক্ষা সংকট।

ঢাকা রাজধানী বলেই এখানে লোকের সংখ্যা বাড়ছে দ্রুতগতিতে। বাড়ছে ছাত্রছাত্রীদের ভিড়। গত এক বছরেই নাকি পাঁচ –ছ' বছরের স্কুল গমনোপযোগী শিশু বেড়েছে সোয়া এক লাখেরও বেশি। কিন্তু স্কুলের সংখ্যা বা আসন সংখ্যা তেমন একটা বাড়েনি। তবে এখান থেকে সরল এই সিদ্ধান্ত টানা বোধ হয় ঠিক নয় যে, এটাই ভর্তি সমস্যার মূলে। সমস্যা আসলে ওখানেই প্রকট যে, রাজধানীতে ভালো স্কুল খুবই অল্প, মোটামুটি মানসম্পন্ন স্কুলেরও দারুণ অভাব। স্কুলগুলোতে শিক্ষার মান ও পরিবেশ ধরে রাখার ক্ষেত্রে শিক্ষা কর্তৃপক্ষের কোন ভূমিকা আছে বলা যাবে না। স্কুল কমিটিগুলোও বরং 'অন্যান্য' ব্যাপারেই বেশি উৎসাহী। ফলে কয়েকটি ভালো স্কুলের সামনেই লাইন দাঁড়িয়ে যাচ্ছে উদ্বিগ্ন অভিভাবকদের।

ভর্তি সমস্যা এরকম প্রকট বলেই এ নিয়ে নির্লজ্জ ধরাধরি কিংবা 'ডোনেশন' কালচারও গড়ে উঠেছে, ভদ্রলোকদের নিন্দার মধ্যেও। ক্রমবর্ধমান এই চাপ মোকাবেলায় রাজধানীতে আরও অধিক সংখ্যক ভাল বিদ্যালয় প্রতিষ্ঠিত হওয়া একান্তই দরকার। শহরের নামকরা নয়, এমন বেসরকারি বিদ্যালয়গুলোর মান উন্নয়নে সহায়তা দেয়া হোক, সরকারি বিদ্যালয়গুলোর দৈন্যদশা দূর করা হোক, সেগুলোর আকর্ষণ ফিরে আসুক। গ্রামে শিক্ষা সম্প্রসারণের জন্য সরকার দৃশ্যত মনোযোগী হয়েছেন তার বিভিন্ন কর্মসূচীর মাধ্যমে। সেখানেও সংখ্যা যত বাড়ছে, মান মোটেই ততটা উন্নত হচ্ছে না। সেদিকেও নজর দেয়া দরকার।